

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ২৩.০৪.০০০০.০০৮.৩৩.০১২.১৬.১৩৬৪

তারিখ: ৩০/১০/২০১৯ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)-এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের যোগ্য প্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে -

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১	স্টোর কিপার টাকা ১০২০০-২৪৬৮০ (১৪তম গ্রেড)	১ টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী।	ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, শরীয়তপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোণা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, ঝালকাঠি, বরগুনা, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ।
২	লাইব্রেরী এ্যাসিস্ট্যান্ট কাম টাইপিষ্ট টাকা ১০২০০-২৪৬৮০ (১৪তম গ্রেড)	১ টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীসহ লাইব্রেরী সায়েন্সে ১ম শ্রেণীর ডিপ্লোমা এবং মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ৩০ শব্দের গতি।	
৩	একাউন্টেন্ট টাকা ১০২০০-২৪৬৮০ (১৪তম গ্রেড)	১ টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী।	
৪	ক্যাটালগার টাকা ১০২০০-২৪৬৮০ (১৪তম গ্রেড)	১ টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রীসহ লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা।	
৫	একাউন্ট এ্যাসিস্ট্যান্ট কাম টাইপিষ্ট টাকা ১০২০০-২৪৬৮০ (১৪তম গ্রেড)	১ টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রীসহ মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ৩০ শব্দের গতি। তবে কম্পিউটার চালনায় অভিজ্ঞ ব্যক্তিগণ অগ্রাধিকার পাবেন।	
৬	টেকনিশিয়ান-২ টাকা ৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড)	১ টি	কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিষয়ে ২য় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত বোর্ড কর্তৃক অনুমোদিত ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত।	
৭	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (এলডিএ-কাম-টাইপিষ্ট) টাকা ৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড)	১ টি	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার মুদ্রাক্ষর গতি (প্রতি মিনিটে) বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ৩০ শব্দ।	
	মোট	৭ টি		

নিম্নবর্ণিত শর্তসমূহ আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:

১। <http://sparrso.teletalk.com.bd> তে প্রদত্ত নিয়মাবলী অনুসরণ করে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে।

২। অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরু এবং শেষ হওয়ার তারিখ ও সময়:

(ক) আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৪/১১/২০১৯ খ্রি: সকাল ১০:০০ টা।

(খ) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৫/১২/২০১৯ খ্রি: সন্ধ্যা ৬:০০ টা। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখে সন্ধ্যা ৬:০০ টার মধ্যে User ID - প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(গ) পরীক্ষার ফি বাবদ টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে ১০০/- টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিতে হবে।

৩। বয়সসীমা: ২৯/১০/২০১৯ খ্রি: তারিখে বয়স :

(ক) মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থী ছাড়া অন্যান্য সকল প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩০ বছর পর্যন্ত।

(খ) মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩২ বছর পর্যন্ত।

৪। জাতীয়তা :

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে বা বিবাহ করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদন করার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতির কপি প্রদর্শন করতে হবে।

24

৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে :

(ক) প্রার্থী মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা/পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০০২ খ্রি: তারিখের মুঃবিঃমঃ / সনদ-১ / প্র-১ / ২০০২ / ০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদ অথবা ১৯৯৭ হতে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্রের ২টি সত্যায়িত কপি অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা সনদধারীর জন্মতারিখ সম্বলিত এসএসসি বা সমমানের সনদ / এসএসসি বা সমমান পরীক্ষায় পাস না হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সার্টিফিকেট / জন্মতারিখ সম্বলিত প্রামাণিক দলিল এবং মুক্তিবর্তা / গেজেটের ২টি করে সত্যায়িত কপি মুক্তিযোদ্ধা সনদের সংগে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর প্রার্থীর নাম ও রোল নম্বর, মুক্তিযোদ্ধা সনদধারীর জন্মতারিখ এবং মুক্তিবর্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

(খ) আবেদনকারী মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র / কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ২টি সত্যায়িত কপি দাখিল করতে হবে। উল্লেখ্য, উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা এবং তাঁদের পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র-কন্যাগণ মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবেন।

(গ) প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদফতরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড) এর সত্যায়িত কপি।

(ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঙ) তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি।

(চ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রীকে উপরোল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে।

৭। ৬ নম্বর অনুচ্ছেদের বর্ণনামতে সকল তথ্য ও কাগজপত্রসহ অন্যান্য শিক্ষাগত ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের মূল সনদপত্র এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৮। অনলাইন-এ পূরণকৃত আবেদনপত্রে মুক্তিযোদ্ধা / ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/প্রতিবন্ধী কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

৯। কোন প্রার্থী যদি ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

১০। অলঙ্ঘনীয় প্রশাসনিক বা আইনি বাধ্যবাধকতার কারণে শূন্য পদসংখ্যার পরিবর্তন হতে পারে।

১১। আবেদনপত্রে নাম, জন্মতারিখ ও অন্য কোনো রূপ Substantive ত্রুটি থাকলে পরবর্তীতে সংশোধনের কোনো সুযোগ থাকবে না। Substantive ত্রুটির কারণে প্রার্থীতা বাতিল হবে।

১২। স্থায়ী ঠিকানায় প্রার্থী কর্তৃক উল্লিখিত জেলার প্রার্থী হিসাবে প্রার্থীর পরীক্ষার ফলাফল নির্ধারণ করা হবে। আবেদনপত্র জমাদানের পর সঙ্গত কারণে প্রার্থীর স্থায়ী ঠিকানার পরিবর্তন হলেও আবেদনপত্রে উল্লিখিত জেলার ভিত্তিতেই প্রার্থীর ফলাফল নির্ধারিত হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তিত বিধি-বিধান অনুসরণ করা হবে।


১৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/ বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন।

১৬। লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচী স্পারসোর ওয়েবসাইটে (www.sparso.gov.bd) প্রকাশ করা হবে। মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে ডাকযোগে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।

১৭। ডিক্লারেশন:

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।


(মোঃ ইমতিয়াজ হোসেন)
সচিব (উপসচিব)
স্পারসো।
ফোনঃ ০২-৯১৪১৬০১